



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়  
ফুলতলা, খুলনা।  
[ueokfultala@gmail.com](mailto:ueokfultala@gmail.com)



আগস্ট/২০২২ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

তারিখ : ১১/০৮/২০২২খ্রি:

সময় : সকাল ১০.০০টা

স্থান : উপজেলা রিসোর্স সেন্টার, ফুলতলা, খুলনা।

সভাপতি : উপজেলা শিক্ষা অফিসার।

উপস্থিতি : পরিশিষ্ট- ক দৃষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি তার বক্তব্যের শুরুতে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, স্বাধীনতার মহান স্থাপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং ১৯৭৫ সালের ১৫ই আগস্ট নির্মম হত্যা কাণ্ডে সাহাদৎ বরণ কারী বঙ্গবন্ধু পরিবারের অন্যান্য সদস্যদের স্মৃতির প্রতি বিম্ব শ্রদ্ধা জ্ঞাপন করেন।

অতঃপর জুলাই/২০২২ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। পরবর্তিতে আগস্ট মাসের কার্যপত্র অনুযায়ী বিস্তারিত আলোচনা করা হয়। সভার সার্বিক আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপ

ক্র:	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	জুলাই/২০২২ মাসের কার্যবিবরণী	১.১ জুলাই/২০২২ মাসের কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়।	কোন সংশোধনী ছাড়া জুলাই/২০২২ মাসের কার্যবিবরণী পাশ করা হয়।	উপজেলা শিক্ষা অফিসার।
০২	১৫ই আগস্ট জাতীয় শোক দিবস পালন	২.১ জাতীয় শোক দিবস পালন উপলক্ষে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	১৫ই আগস্ট জাতীয় শোক দিবস পালন উপলক্ষে বিদ্যালয় পর্যায়ে দোয়া অনুষ্ঠান, বঙ্গবন্ধুর জীবনী উপর আলোচনা, রচনা ও চিত্রাঙ্কন, হামদ, নাত, প্রতিযোগিতার আয়োজন করার সিদ্ধান্ত গ্রহণ করা করা হয়।	উপজেলা শিক্ষা অফিসার। প্রধান শিক্ষক, সহকারী শিক্ষক ও এস.এম.সি।
০৩	শিশুদের ধারাবাহিক মূল্যায়ন	৩.১ শ্রেণীভিত্তিক শিশুদের প্রতি বিষয়ের অধ্যয়ন শেষে সাপ্তাহিক/পাক্ষিক মূল্যায়নের উপর গুরুত্ব আরোপ করা হয়।	অধ্যয়ন শেষে মূল্যায়ন করে উত্তর পত্র সংরক্ষণ ও ফলাফল রেজিস্টার হালফিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক
০৪	সরকারি নির্দেশনা প্রতিপালন	৪.১ সম্প্রতি অধিদপ্তর ও মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পত্রের নির্দেশনা সমূহ আলোচনা করা হয়।	সর্বোচ্চ আন্তরিকতার সাথে নির্দেশনা সমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা শিক্ষা অফিসার, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, প্রধান শিক্ষক, সহকারী শিক্ষক।
০৫	মেরামত সংক্রান্ত কমিটি	৫.১ সরকারি বরাদ্দে বিদ্যালয়ের ভবন, ওয়াশ ব্লক, প্রাচীর নির্মাণ, ক্ষুদ্র মেরামত, রুটিন মেরামত কাজের অগ্রগতি ও গুনগত মান রক্ষায় উপজেলা ও বিদ্যালয় পর্যায়ে তদারকি কমিটির সদস্য ও তাদের করণীয় বিষয়ে আলোচনা করা হয়।	ঠিকাদারি প্রতিষ্ঠানের নাম ঠিকানা, মোবাইল নম্বর তদারকি কর্মকর্তার নাম ও মোবাইল নম্বর সংরক্ষণ করা এবং কাজের মান সংক্রান্ত প্রতিবেদন উপজেলা তদারকি কমিটি ও শিক্ষা কমিটির নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রধান শিক্ষক, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার।

০৬	উপবৃত্তি সংক্রান্ত	৬.১ যে সকল শিশু উপবৃত্তি পায় নাই তাদের নামের তালিকা প্রস্তুত ও সংরক্ষণের বিষয়ে আলোচনা করা হয়।	উপবৃত্তি বঞ্চিত শিশুদের নামের তালিকা উপজেলা শিক্ষা অফিসে প্রেরণ ও বিতরণ কারী প্রতিষ্ঠান (নগদ)কে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রধান শিক্ষক, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার।
০৭	শ্রেণী পাঠদান	৭.১ শিশুদের নিকট পাঠদান আকর্ষণীয় ও বোধগম্য করতে ও সকল শিশুর পঠন দক্ষতা নিশ্চিত করণ বিষয়ে আলোচনা করা হয়।	পূর্ব প্রস্তুতি সহকারে পাঠদান ও দুর্বল শিশুদের আলাদাভাবে শিখন সহায়তা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রধান শিক্ষক, সহকারী শিক্ষক।
০৮	বিদ্যালয়ের স্থাবর অস্থাবর সম্পত্তি রক্ষণাবেক্ষণ	৮.১ বিদ্যালয়ের স্থাবর অস্থাবর সম্পত্তি রক্ষণাবেক্ষণের বিষয় বিস্তারিত আলোচনা হয়।	বিদ্যালয়ের জমির রেকর্ড পত্র সংরক্ষণ, ছাদ, শ্রেণী কক্ষ, ওয়াশ ব্লক, শহীদ মিনার, সীমানা প্রাচীর পরিষ্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রধান শিক্ষক, সহকারী শিক্ষক।

সভার আলোচ্য সূচীতে আর কোন বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মুহা: আবুল কাশেম)  
উপজেলা শিক্ষা অফিসার  
ফুলতলা, খুলনা।  
মোবাইল: ০১৭১১-০৬৫৫১৯

স্মারক নং: উশিঅ/ফুলতলা/খুলনা/

তারিখ: ১৪/০৯/২০২২ খ্রি:।

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। উপপরিচালক প্রাথমিক শিক্ষা খুলনা বিভাগ, খুলনা।
- ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, খুলনা।
- ৩। সহকারী উপজেলা শিক্ষা অফিসার (সকল)
- ৪। প্রধান শিক্ষক (সকল)
- ৫। অফিস নথি

(মুহা: আবুল কাশেম)  
উপজেলা শিক্ষা অফিসার  
ফুলতলা, খুলনা।  
মোবাইল: ০১৭১১-০৬৫৫১৯